



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-১৯৩৪


তারিখ: ২৮ ভাদ্র ১৪২৮
১২ সেপ্টেম্বর ২০২১

বিষয়: আর্থিক সাহায্যের জন্য আবেদন।

সূত্র: জনাব মোঃ আমিনুল হক, ৬০নং নেওয়াজবাগ, পূর্ব নন্দীপাড়া, পোঃ বাসাবো, থানা: খিলগাঁও, ঢাকা;
তারিখ: ১২ সেপ্টেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ আমিনুল হক, ৬০নং নেওয়াজবাগ, পূর্ব নন্দীপাড়া, পোঃ বাসাবো, থানা: খিলগাঁও, ঢাকা এর আবেদনটি এ সাথে প্রেরণ করা হলো। উক্ত আবেদনের বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: পাতা।


(মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী)
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৬৮
Email:lgzpz@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঢাকা।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। জনাব মোঃ আমিনুল হক, ৬০নং নেওয়াজবাগ, পূর্ব নন্দীপাড়া, পোঃ বাসাবো, থানা: খিলগাঁও, ঢাকা।

বরাবর,

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, ঢাকা।



বিষয় : করোনা আক্রান্ত হয়ে Lung Infection হওয়ায় জেলা পরিষদের তহবিল হতে আর্থিক সাহায্যের আবেদন।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী একজন ছোট চাকুরীজীবী। আমি, আমার স্ত্রী এবং মা দীর্ঘদিন যাবৎ নানাবিধ রোগে ভুগছি। গত ১৪/০৭/২০২১ ইং তারিখে আমি নিজে এবং ২৩/০৭/২০২১ ইং তারিখে আমার স্ত্রী করোনা আক্রান্ত হয়ে উভয়ের Lung Infection ধরা পড়েছে। বর্তমানে ডাক্তারের চিকিৎসাধীন আছি (কপি সংযুক্ত)। এই সংক্রান্ত চিকিৎসা করতে গিয়ে প্রচুর অর্থ ব্যয় হয়েছে।

তাছাড়া, আমার মায়ের চোখ দুটি প্রায় নষ্ট। গত ১৬/১০/২০২১ খ্রিঃ তারিখে আমার মায়ের বাম চোখ অপারেশনপূর্বক লেপ বসানো হয়েছে। এতে চিকিৎসা বাবদ ৪৭,০০০/- (সাত চল্লিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। বর্তমানে ডান চোখের অবস্থাও ভালো না। বাম চোখ অপারেশন করার ০১ মাস অতিক্রান্ত না হতেই তিনি ভীষণভাবে অসুস্থ হয়ে ইসলামী ব্যাংক হাসপাতালে ভর্তি হতে হয়েছেন। আমার নিজের, স্ত্রী এবং মায়ের চিকিৎসা বাবদ (৩০,০০০+৪৭,০০০+৩৩,০০০) সর্বমোট চিকিৎসা বাবদ ১,১০,০০০/- টাকা ব্যয় হয়েছে (কপি সংযুক্ত)। চিকিৎসা পূর্ববর্তী ও পরবর্তী ব্যয় নির্বাহ করতে গিয়ে আমি খুব কষ্টে এবং ঋণগ্রস্থ অবস্থায় আছি।

উল্লেখ্য, আমার মলদ্বারে পাইলস ও এনাল ফিশার হয়েছে। গত ১১/০৮/২০২১ খ্রিঃ তারিখে ডাক্তার আমাকে পাইলস ও এনাল ফিশার অপারেশন করার পরামর্শ দিয়েছেন (কপি সংযুক্ত)। অর্থ অভাবে অপারেশন করা যাচ্ছে না।

অতএব, আপনার নিকট আকুল আবেদন উপরোল্লিখিত অবস্থা বিবেচনা করে আমার চিকিৎসায় পূর্ববর্তী ও পরবর্তী ব্যয় নির্বাহের জন্য আপনার কার্যালয়ের তহবিল হতে আর্থিক সাহায্য প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

তারিখ : ২২.০৯.২০২১

বিনীত নিবেদক

২২.০৯.২০২১

(মোঃ আমিনুল হক)

৬০ নং নেওয়াজবাগ, পূর্ব নন্দীপাড়া

পোঃ বাসাবো, থানা-খিলগাঁও, ঢাকা-১২১৯।

মোবাইল- ০১৯২৯৪৯৮২৯২।